# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**29 DECEMBER 2025** **7:45—7:55**

---

১) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের আজ বটদ্রবায় সাংস্কৃতিক প্রকল্পের উদ্বোধন । গৌহাটিতে পুলিশ কমিশনারের কার্যালয় এবং জ্যোতি বিষ্ণু প্রেক্ষাগৃহ উদ্বোধন ।

২) আসাম সরকার অবৈধ দখলদারীদের বিরুদ্ধে উচ্ছেদ অব্যাহত রাখবে বলে মুখ্যমন্ত্রীর ঘোষণা ।

৩) বিকশিত ভারত গ্রামীন জীবিকা ও নিয়োগ নিশ্চিতকরণ যোজনা অর্থাৎ জি রামজি আইনের অধীনে রাজ্যগুলিকে ১৭ হাজার কোটি টাকার অনুদান ।

এবং

৪) পানকার্ড এবং আধারকার্ড সংযোগের জন্য অন্তিম সময়সীমা আগামী বুধবার অর্থাৎ ৩১ ডিসেম্বর ধার্য ।

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ সারাদিনব্যাপী বিভিন্ন কার্যসূচী নিয়ে আসামে এসে বটদ্রবা সাংস্কৃতিক প্রকল্পের উদ্বোধন করেন । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা , স্বরাষ্ট্র মন্ত্রীকে পাটের গামছা দিয়ে স্বাগত জানান ।শ্রী শাহ অনুষ্ঠানে তার ভাষনে এই প্রকল্প উদ্বোধন করার জন্য তাকে আমন্ত্রন জানানোর জন্য ধন্যবাদ জানান । শ্রীমন্ত শংকরদেবের মতো মহান ব্যাক্তিত্ব ভারতে জন্ম গ্রহণ করাটা সৌভাগ্যের বলে তিনি প্রকাশ করেন ।

রাজ্য সরকার ১ লক্ষের ও বেশী দখলকারী লোককে উচ্ছেদ করেছে বলে উল্লেখ করে শ্রী শাহ বলেন যে বিজেপি নেতৃত্বাধীন সরকারের শাসন করা এই ১০ টি বছর

আসামের জন্য সোণালী সময় । শ্রী শাহ লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ , লক্ষ্মীনাথ বেজবরুয়া  ও শহিদ কনকলতা বরুয়াকে শ্রদ্ধার সংগে স্মরণ করেন ।গত কয়েকবছরে আসাম দেশের বিকাশের ইঞ্জিন হিসেবে পরিগনিত হোয়ার দিকে অগ্রসর হয়েছে বলে তিনি উল্লেখ করেন ।

বাইট -----

মুখ্যমন্ত্রী ড: শর্মা অনুষ্ঠানে তার ভাষনে বলেন  যে একাংশ লোকের দখল করে রাখা জমি উচ্ছেদ করে বটদ্রবা প্রকল্প নির্মাণ করা হয়েছে । রাজ্য সরকার এধরণের অবৈধ দখলের বিরুদ্ধে উচ্ছেদ অব্যাহত রাখবে বলে তিনি উল্লেখ করেন ।

বাইট -----

অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল , কেন্দ্রীয় প্রতিমন্ত্রী পবিত্র মার্গেরিটা ও মন্ত্রী বিমল বরা উপস্থিত ছিলেন । শ্রীমন্ত শংকরদেবের  জন্মস্থান বটদ্রবাকে কলা সংস্কৃতি ও আধ্যাত্মিকতার অন্যতম প্রাণকেন্দ্র হিসেবে  গড়ে তুলে পর্যটকদের জন্য আকর্ষনের কেন্দ্র করে তুলতে এই প্রকল্প গুরুত্বপূর্ন ভূমিকা গ্রহণ করবে বলে আশা করা হচ্ছে ।

উল্লেখ্য ২২২ কোটি টাকা ব্যয় সাপেক্ষে নির্মাণ করা বটদ্রবা  প্রকল্পে গুরু আসন ভবন , দক্ষতা বিকাশ কেন্দ্র , গবেষণা কেন্দ্র , দশটি জনগোষ্ঠীর কুটীর সহ বিভিন্ন ব্যবস্থা  রাখা হয়েছে । ফেব্রুয়ারী থেকে জনসাধারণের জন্য এই প্রকল্প খুলে দেওয়া হবে এবং বিণামূল্যে জনসাধারণ তা দেখতে পারবেন ।

স্বরাষ্ট্রমন্ত্রী আজ গৌহাটীতে পুলিশ কমিশনারের কার্যালয় ভবন ও স্বয়ং চালিত নগর নিরীক্ষণ ব্যবস্থার উদ্বোধন করেন ।৩০০ কোটি টাকা ব্যয় সাপেক্ষে নির্মাণ করা পুলিশ কমিশনারের কার্যালয় ভবনে ৪০০ জন আ ধিকারিকের জন্য সুব্যবস্থা থাকা সহ পুলিশের সব শাখা সংযুক্ত কার্যালয় , একত্রিত প্রমাণীকরণ শাখা ইত্যাদি রয়েছে ।মুখ্যমন্ত্রী ড: শর্মা বলেন যে এই নতুন ব্যবস্থা সুরক্ষা নিরাপত্তা , বহনক্ষমতা  ও প্রকাশ্য সুবিধা সুনিশ্চিত করবে ।স্বরাষ্ট্র মন্ত্রী নতুন ফৌজদারী আইন সম্পর্কীত একটি প্রদর্শনীর উদ্বোধন করা সহ রাজ্যের প্রতিটি জেলা সফর করার জন্য ফরেণসিক বাহন যাত্রার সূচণা করেন । শ্রী শাহ খানাপারায় নব নির্মিত ৫ হাজার আসনযুক্ত জ্যোতি বিষ্ণু প্রেক্ষগৃহের উদ্বোধন করেন । ৪৫ বিঘা এলাকাজুড়ে ২৯১ কোটি টাকা ব্যয়

সাপেক্ষে নির্মাণ করা  এই প্রেক্ষাগৃহে সম্মেলন ভবন , অত্যাধুনিক দৃশ্য - শ্রব্য ব্যবস্থা , ডিজিটেল পরিকাঠামো সহ বেশ কিছু উন্নতমানের ব্যবস্থা রাখা হয়েছে । স্বরাষ্ট্র মন্ত্রী শ্রী শাহ এই প্রেক্ষাগৃহে জন্মগতভাবে থাকা হৃদরোগ থেকে সুস্থ হোয়া একহাজার শিশুর অভিবাদন অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে অংশ গ্রহণ করেন । অনুষ্ঠানে তার ভাষনে স্বরাষ্ট্র মন্ত্রী রাজ্য সরকারের এই পদক্ষেপের প্রশংসা করেন ।

-----------------------------------------------------------------------------------------

বিকশিত ভারত গ্রামীন জীবিকা ও নিয়োগ নিশ্চিতকরণ যোজনা অর্থাৎ জি রামজি আইনের অধীনে রাজ্যগুলিকে ১৭ হাজার কোটি টাকার অনুদান দেওয়া হয়েছে । এই আইন ২০ বছর পুরনো মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীন নিয়োগ নিশ্চয়তা আইন ( এম জি এনরেগা ) ২০২৫ সালে নাম পরিবর্তন করে কার্যকর করা হয়েছে ।  ভারতীয় ষ্টেট ব্যাঙ্ক ( এস বি আই )-র একটি গবেষণা প্রতিবেদন অনুসারে এই আইন কার্যকর হওয়ার ফলে রাজ্যগুলিতে অর্থের বিতরণ ব্যবস্থা আরো বেশী উন্নত হবে । প্রতিবেদন অনুসারে এম জি এন রেগার সংশোধন এবং নবীকরণের মাধ্যমে বিকশিত ভারত জি রামজি উন্নয়নের যাত্রার রূপান্তরমূলক ব্যবস্থা এবং কৌশল সমূহ সংহত করে তুলবে । এই আইনের দ্বার প্রতিযোগিতামূলক প্রকল্প শনাক্তকরণ , উৎপাদনশীল সম্পদ সৃষ্টি , উপার্জন বৃদ্ধি এবং দক্ষ নিরিক্ষণ ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে । এস বি আইর মুখ্য অর্থনৈতিক উপদেষ্টা ডক্টর সৌম্যকান্তি ঘোষের নেতৃত্বে প্রস্তুত করা এই প্রতিবেদনে বিকশিত ভারত জি রামজি আইন নিয়োগ সৃষ্টি ব্যবস্থা শক্তিশালী করার ক্ষেত্রে আগের দূর্বলতাগুলি দূর করা সহ সমগ্র প্রক্রিয়াটিকে স্বচ্ছ , পরিকল্পিত এবং প্রত্যেকটি পর্যায়কে জবাবদেহি করে তুলবে । উল্লেখ্য যে সংসদের শীতকালীন অধিবেশনে উভয় কক্ষে বিকশিত ভারত জি রামজি বিলটি গৃহিত হয়েছিল এবং রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু ওই বিলটিতে অনুমোদন জানানোর পর বিলটি আইনে পরিণত হয় । এই আইনে পূর্বের এম জি এন রেগার অধীনে ১শো দিনের কর্মদিবসের পরিবর্তে গ্রামাঞ্চলের প্রত্যেকটি পরিবারকে ১শো ২৫ দিনের কর্মদিবস প্রদানের নিশ্চয়তা প্রদান করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

কার্বি আংলং এবং পশ্চিম কার্বি আংলং জেলা দুটির আইন -শৃঙ্খলা পরিস্থিতি কিছুটা উন্নত হওয়ার প্রতি লক্ষ্য রেখে উভয় জেলায় গতকাল থেকে ইন্টারনেট সেবা পুনরায় বহাল করা হয়েছে । সরকারী সূত্র অনুসারে এই পার্বত্য জেলা দুটিতে নিরাপত্তা ব্যবস্থা আরো বেশী জোরদার করে তুলা সহ ক্ষতিগ্রস্থ অঞ্চলগুলিতে অতিরিক্ত নিরাপত্তা বাহিনীর জোওয়ান মোতায়ন করা হয়েছে । উল্লেখ্য যে গত সপ্তাহে পশ্চিম কার্বি-

আংলং জেলার বিভিন্ন অঞ্চলে সংঘটিত হিংসাত্মক ঘটনায় দুজন লোক নিহত হওয়া সহ ১শো ৭০ জনের অধিক লোক আহত হয়েছিলেন । আহতদের মধ্যে বেশিরভাগ নিরাপত্তা বাহিনীর লোক বলে সরকারী সূত্রে প্রকাশ করা হয়েছে । উভয় জেলায় গত ২৩ ডিসেম্বর থেকে ইন্টারনেট সেবা বন্ধ করে দেওয়া হয়েছিল যা গতকাল পুনরায় বহাল করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

পানকার্ড এবং আধারকার্ড সংযোগের জন্য অন্তিম সময়সীমা আগামী বুধবার অর্থাৎ ৩১ ডিসেম্বর ধার্য করা হয়েছে । জনসাধারণের কর প্রদান করার ক্ষেত্রে পানকার্ড এবং আধারকার্ডের সংযোগ বাধ্যতামূলক করা হয়েছে । ২০২৪ সালের পয়লা অক্টোবর আধারকার্ড এবং পানকার্ড সংযোগ করার জন্য একটি নির্দেশ জারী করা হয়েছিল এবং পরবর্তী সময়ে ওই সময়সীমা ২০২৫ সালের তেসরা এপ্রিল পর্যন্ত বৃদ্ধি করা হয়েছিল । আগামী বুধবারের আগে যারা পানকার্ড এবং আধারকার্ড সংযোগ করবেন না তাদের ১ হাজার টাকা জরিমানা দিতে হবে অথবা পানকার্ড নিষ্ক্রিয় করে দেওয়া হবে বলে নির্দেশে উল্লেখ করা হয়েছে । এই সময়সীমার মধ্যে পানকার্ড এবং আধারকার্ড যুক্ত করা না হলে ২০২৬ সালের টি ডি এস এবং টি সি এস-এর অর্থ ফেরৎ দেওয়া হবে বলেও স্পষ্টিকরণ দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা লোক নির্মান বিভাগের উদ্যোগে আজ লোক নির্মান বিভাগের সভাকক্ষে প্রধানমন্ত্রী গ্রামীন সড়ক যোজনার ২৫ বছর পূর্তী উপলক্ষ্যে এক বিশেষ সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় মূখ্য অতিথি হিসেবে কাছাড় ডিভিশনের প্রবীন বাস্তুকার অজিত দাস উপস্থিত ছিলেন । সভায় বক্তব্য রাখতে গিয়ে শ্রীদাস বলেন যে প্রধানমন্ত্রী গ্রামীন সড়ক যোজনা সারা দেশে চারটি ধাপে বাস্তবায়িত হয়েছে যা গ্রামীন যোগাযোগ ব্যবস্থায় ব্যাপক পরিবর্তন এনেছে । শ্রীদাস বলেন হাইলাকান্দি জেলায় প্রথম ধাপে ৩৮৭ কিলোমিটার , দ্বিতীয় ধাপে ১৭ কিলোমিটার ,তৃতীয় ধাপে ৯৫ কিলোমিটার এবং চর্তুথ ধাপে ২০২ কিলোমিটার সড়ক নির্মানের কাজ করা হবে । বাস্তুকার শ্রীদাস আরো বলেন যে প্রধানমন্ত্রী গ্রামীন সড়ক যোজনা গ্রামীন অর্থনীতিকে শক্তিশালী করেছে এবং শিক্ষা,স্বাস্থ্য ও বাজারের সাথে গ্রামের যোগাযোগ সহজ করেছে । আজকের সভায় লোক নির্মান বিভাগের আধিকারীক , ঠিকাদার ও জনসাধারন অংশগ্রহন করেন ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার বৈধ পরিমাপ ও বিজ্ঞান বিভাগ থেকে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে ব্যবসায় ব্যবহৃত বাটখারা , কাঠপাল্লা , লিটার এবং পরিমাপের সামগ্রী বারো

মাসে একবার নবীকরন করা আইনত বাধ্যতামূলক । জেলায় গতকাল থেকে ওজন ও পরিমাপ সপ্তাহ পালন শুরু হয়েছে । এ উপলক্ষ্যে জনসাধারনের সচেতনতার জন্য জানানো হয়েছে যে সামগ্রী ক্রয় করার সময় ওজন , পরিমাপ ও মিটারের প্রতি দৃষ্টি রাখতে হবে যাতে ওজন ও মাপে কম না হয় । সিমেন্ট ব্যাগ হিসেবে ক্রয় না করে , ব্যাগের সঠিক ওজন দেখে ক্রয় করার আহ্বান জানানো হয়েছে । এছাড়া গ্যাস সিলেন্ডার ডেলিভারী নেওয়ার সময় গ্রাহকরা গ্যাস সিলিন্ডারের ওজন দেখে নিতেও আবেদন জানানো হয়েছে । উল্লেখ্য ২৮শে ডিসেম্বর থেকে আগামী তেসোরা জানুয়ারী পর্য্যন্ত ওজন ও পরিমাপ সামগ্রী সপ্তাহ পালন শুরু হয়েছে ।

------------------------------------------------------------------------------------

অসম ক্রিকেট এসোসিয়েশনের উদ্যোগে এবং হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার সহযোগীতায় আজ থেকে হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার মাঠে অষ্টম আসাম প্রিমিয়ার ক্লাব ক্রিকেট প্রতিযোগীতা শুরু হয়েছে । জেলার বিশিষ্ট শিক্ষাবিদ বি কে ধর ও জেলা ক্রীড়া সংস্থার সম্পাদক শৈবাল সেনগুপ্ত এই প্রতিযোগীতার উদ্বোধন করেন । আজকের উদ্বোধনী ম্যাচে ব্লাড মাউথ ক্লাব ২৮২ রানে জি এস এল আলগাপুর দলকে পরাজিত করেছে । প্রতিযোগীতার আগামীকালের খেলায় বি সি এস ক্লাব খেলবে রাইজিং ইয়ং স্টার ক্লাবের বিরুদ্ধে ।

------------------------------------------------------------------------------------